



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

www.sonargaonmuseum.gov.bd

নং: ৪৩.২৮.০০০০.০০০.১১১.১৮.০১২৭.১৮-১০১

তারিখ: ০৩ জুন-২০২৬ খ্রি.

ইজারা বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের নাগরদোলা ও চড়কি স্থান এবং গাড়ি পার্কিং স্থান ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, ১ম বার কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে ২য় ও ৩য় বার দরপত্র আহ্বান করা হবে। এ জন্য পুনঃরায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী ও তথ্য বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জের প্রকৌশল শাখা থেকে জানা যাবে। দরপত্র সমূহ নিম্নে উল্লিখিত নির্দিষ্ট তারিখ ও সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র ফরম (সিডিউল) ক্রয় ও দাখিলের স্থানঃ

(ক) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কার্যালয়, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনারগাঁও উপজেলা, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

প্রস্তাব দাখিল ও খোলার সময়সূচি নিম্নরূপ:

ইজারার নাম	কাঙ্ক্ষিতমূল্য	১ম বার দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ		২য় বার দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ		৩য় বার দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ	
		বিক্রয়ের সময়সীমা	দাখিলের শেষ তারিখ	বিক্রয়ের সময়সীমা	দাখিলের শেষ তারিখ	বিক্রয়ের সময়সীমা	দাখিলের শেষ তারিখ
ক) নাগরদোলা ও চড়কি স্থান ইজারা খ) গাড়ি পার্কিং স্থান ইজারা	ক) ৭,৩৫,০০০/- (সাত লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা খ) ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকা	০৬ জুন থেকে ২০ জুন-২০২৬ খ্রি. (অফিস চলাকালীন সময়)	২১ জুন-২০২৬ তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত খোলার সময়: বেলা ২:০০ টায়	২২ থেকে ২৩ জুন-২০২৬ খ্রি. (অফিস চলাকালীন সময়)	২৪ জুন-২০২৬ তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত খোলার সময়: বেলা ২:০০ টায়	২৫ থেকে ২৭ জুন-২০২৬ খ্রি. (অফিস চলাকালীন সময়)	২৮ জুন-২০২৬ তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত খোলার সময়: বেলা ২:০০ টায়

দরপত্রের সাধারণ শর্তাবলী:

- কার্যাদেশের তারিখ থেকে ৩০ জুন-২০২৭ খ্রি: পর্যন্ত (১২ মাস) ইজারার মেয়াদ বলবৎ থাকবে।
- দরপত্র দাখিলকারী হিসেবে ব্যক্তির ক্ষেত্রে ১ কপি সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদের সত্যায়িত কপি অবশ্যই সংযুক্ত করতে হবে। দরপত্রের সাথে বর্ণিত কাগজপত্র দাখিলে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- নাগরদোলা ও চড়কি এবং গাড়ি পার্কিং স্থানের টোল/ফি আদায়ের স্থান নিজ খরচে ইজারা গ্রহীতাকে তৈরি করে নিতে হবে।
- ইজারার নির্ধারিত স্থান সরেজমিনে পরিদর্শন পূর্বক দর দাখিল করতে হবে। এ ক্ষেত্রে পরবর্তীতে কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- দর প্রস্তাবকারীকে উদ্ধৃত ইজারা মূল্যের অর্থ, ইজারা মূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% আয়করের অর্থ পৃথক পৃথকভাবে উল্লেখ পূর্বক মোট অর্থ যে কোন তফসিল ব্যাংক থেকে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের নামে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করে দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট করে দরপত্রের সাথে সংযুক্ত না করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাবিত দর চূড়ান্ত হওয়ার পর ৩(তিন) দিনের মধ্যে ইজারা মূল্যের উপর ১০% নিরাপত্তা জামানত ফাউন্ডেশনের হিসাব শাখায় জমা প্রদান করতে হবে। জামানতের অর্থ জমার পর ৩০০/- (তিনশত) টাকা মূল্যে নন-জুডিশিয়াল স্ট্যাম্প কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন করতে হবে। নতুবা দরপত্রের সাথে সংযুক্ত পে- অর্ডার/ব্যাংক ড্রাফটের অর্থ বাজেয়াপ্ত করা হবে; এবং
- চুক্তি স্বাক্ষর এবং জামানতের সমুদয় অর্থ ফাউন্ডেশনের হিসাব শাখায় জমা প্রদান সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। ইজারার মেয়াদ শেষে উক্ত জামানতের অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

পরিচালক

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।